

ফাতওয়া নম্বার: ২৯৬

প্রকাশকাল: ০৯-১০-২০২২ ইং

ইমার্জেলি ব্যালেন্সের জন্য অতিরিক্ত চার্জ কি সুদ বলে গণ্য হবে?

প্রশ্ন:

বর্তমানে আমরা যে মাঝে মাঝে মোবাইলের সিম কোম্পানি থেকে ইমার্জেলি ব্যালেন্স নিয়ে থাকি, আমরা জানি, পরবর্তিতে তারা এর জন্য দুই টাকা বেশি নিয়ে নেয়। আমার প্রশ্ন হলো, এটি কি সুদ বলে গণ্য হবে?

প্রশ্নকারী- আবু তাহের

উত্তর:

প্রশ্নোক্ত ক্ষেত্রে সিম কোম্পানি যে অতিরিক্ত অর্থ নেয়, তা সুদ নয়। কারণ তারা আসলে আপনাকে টাকা দেয় না। ব্যালেন্স হিসেবে মোবাইলে যে টাকা দেখায়, তা টাকা নয়; বরং এই সমন্বয়ের সেবা। এই সেবাটাই অন্য সময় অগ্রীম টাকা দিয়ে ক্রয় করেন বিধায় স্বাভাবিক মূল্য নেয়, এখন বাকিতে ক্রয় করছেন বিধায় কিছু বেশি নিচ্ছে। যদি আপনাকে টাকা দিয়ে টাকা বেশি নিত, তাহলে সেটা সুদ হত। -দেখুন: হেদায়া: ৩/২৩০; বাদায়েউস সানায়ি: ৪/১৭৪; ফতোয়া সাইট, বানুরি টাউন: ১৪৪২১২২০০৫০৪; ফতোয়া সাইট, দারুল উলুম দেওবন্দ: ৫৮২২৫; ইসলাম, সুওয়াল-জওয়াব: ২২০২২২

والله سبحانه وتعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৫-০৩-১৪৪৪ হি.

২২-১০-২০২২ ঈ.

